# বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সম্পর্কিত বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কেয়ার সমন্বয়

## এই বিষয়টি কী?

বুদ্ধিবৃত্তিক এবং বিকাশ সম্পর্কিত বিষয়ে প্রতিবন্ধীত্বে যোগ্য ব্যক্তিরা OPWDD নামে পরিচিত দ্যা অফিস ফর পিপল ফর ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ থেকে সাপোর্ট এবং পরিষেবা পান। সাপোর্টগুলোর মধ্যে এই পরিষেবাগুলোর সমন্বয় একটি।

কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (COO) বাসাবাড়ি এবং কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্য ও সুস্থতা পরিষেবা উভয়ই সমন্বয় করে।

## এতে কারা প্রভাবিত হয়?

জুলাই 1, 2018-এর আগে, মেডিকেড সার্ভিস কোঅর্ডিনেটর (MSC's) দ্বারা পরিষেবাগুলো প্রদান করা হত৷ 1 জুলাইয়ের পরে পরিষেবাগুলো এখন কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (CCO) দ্বারা সরবরাহ করা হয়৷ অন্যান্য OPWDD পরিষেবা প্রদানকারী সংস্থাগুলোর সাথে সমন্বয়কারী CCO-এর আর কোনো সম্পর্ক থাকবে না।

এই ব্যক্তিদের জন্য প্রতিটি সংস্থার আলাদা আলাদা উপাধি থাকতে পারে যেমন কেয়ার কোঅর্ডিনেটর বা কেয়ার ম্যানেজার বা হেলথ হোম কেয়ার ম্যানেজার। তাদের উপাধি ভিন্ন হতে পারে, তবে তাদের ভূমিকা একই। এই ব্যক্তি নিম্নলিখিত বিষয়গুলোতে সাহায্য করবে:

- সিস্টেম জুড়ে পরিষেবাগুলোর সমন্বয় করবে যার মধ্যে OPWDD সম্পর্কিত পরিষেবা, আচরণগত স্বাস্থ্য পরিষেবা এবং চিকিৎসা পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে।
- লাইফ প্ল্যান ডেভেলপমেন্ট, মনিটরিং এবং আপডেট করা (পূর্বে ইন্ডিভিজুয়ালাইজড সার্ভিস প্ল্যান বা আইএসপি নামে পরিচিত)।
- পরিষেবা এবং সমর্থনের জন্য বন্দোবস্ত, রেফারেল এবং সহায়তা করা।
- জীবনের পরিবর্তন যেমন হাই স্কুল থেকে প্রাপ্তবয়স্ক পরিষেবা, হাসপাতালে ভর্তি থেকে ডিসচার্জ এবং আরো অনেক কিছু।

## তারপর আপনার কী করা উচিত?

ইতোমধ্যেই কোনো কেয়ার কো-অর্ডিনেশন অর্গানাইজেশনের সাথে সংযুক্ত না থাকলে ব্যক্তি বা কেয়ারগিভারকে অবশ্যই একটি তালিকাভুক্তির ফর্ম পূরণ করতে হবে এবং একটি কেয়ার সমন্বয় সংস্থা বেছে নিতে হবে।

দুটি স্তরের সাপোর্ট রয়েছে। প্রথমটি হলো যাদের উচ্চ স্তরের চাহিদা রয়েছে, হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্ট প্ল্যান একটি পরিচর্যা পরিকল্পনা তৈরি ও পর্যবেক্ষণ করে। বেসিক হোম এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবা পরিকল্পনা (HCBS) সামগ্রিক কেয়ার ব্যবস্থাপনা প্রদান করে।

PARENT NETWORK OF WESTERN NEW YORK
www.parentnetworkwny.org
info@parentnetworkwny.org
716.332.4170

IDEAs that Work
S. Office of Special Education Programs

এই নথির কনটেন্ট ইউএস ডিপার্টমেন্ট অফ এডুকেশন #H325160003 থেকে প্রাপ্ত অনুদানে তৈরি করা হয়েছে। তবে, এই কনটেন্ট ইউ.এস. ডিপার্টমেন্ট অফ এডুকেশনের নীতির প্রতিনিধিত্ব করে এমন নয় এবং এটির জন্য ফেডারেল সরকারের অনুমোদন রয়েছে তা আপনার ধরে নেওয়া উচিত হবে না। প্রোজেক্ট অফিসার কার্মেন সানচেজ।

# বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সম্পর্কিত বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কেয়ার সমন্বয়

| হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্ট বনাম বেসিক এইচসিবিএস প্ল্যান সাপোর্ট | হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্ট | বেসিক এইচসিবিএস প্ল্যান সাপোর্ট |
|---|---|---|
| কেয়ার প্ল্যান তৈরি করে এবং দ্বি-বার্ষিক পর্যালোচনা করে | ✓ | ✓ |
| স্বাস্থ্য এবং নিরাপত্তা নিরীক্ষণ করে | ✓ | ✓ |
| আচরণগত স্বাস্থ্য পরিষেবায় সমন্বিত অ্যাক্সেস | ✓ | |
| চিকিৎসা ও ডেন্টাল পরিষেবায় সমন্বিত অ্যাক্সেস | ✓ | |
| কমিউনিটি-ভিত্তিক রিসোর্স শনাক্ত করে | ✓ | |
| আপনার পরিষেবাগুলো সংযুক্ত করতে প্রযুক্তি ব্যবহার করে | ✓ | |
| আপনার কেয়ার প্রদানকারীদের সাথে সংযোগ করে | ✓ | |
| পরিবার ও ব্যক্তিদের জন্য সিস্টেমের সাথে ডিল করার বোঝা হালকা করে | ✓ | |
| ভবিষ্যৎ চাহিদা অনুমান করে | ✓ | |

সমন্বয়কারীর দায়িত্ব বিভিন্ন সিস্টেম ও সংস্থার বিষয়ে ডিল করার সময় ব্যক্তি ও পরিবারের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জগুলো হ্রাস করা। ইলেকট্রনিক রেকর্ডে অ্যাক্সেসও ব্যক্তি ও পরিবারের জন্য উপলভ্য করা হবে।

PARENT NETWORK OF WESTERN NEW YORK
www.parentnetworkwny.org
info@parentnetworkwny.org
716.332.4170

IDEAs that Work
U.S. Office of Special Education Programs

এই নথির কনটেন্ট ইউএস ডিপার্টমেন্ট অফ এডুকেশন #H325160003 থেকে প্রাপ্ত অনুদানে তৈরি করা হয়েছে। তবে, এই কনটেন্ট ইউ.এস. ডিপার্টমেন্ট অফ এডুকেশনের নীতির প্রতিনিধিত্ব করে এমন নয় এবং এটির জন্য ফেডারেল সরকারের অনুমোদন রয়েছে তা আপনার ধরে নেওয়া উচিত হবে না। প্রোজেক্ট অফিসার কার্মেন সানচেজ।